

## জনসাধারণের লাইব্রেরীগুলি (গ্রন্থাগার)

জনসাধারণের লাইব্রেরীগুলি সকলের জন্য খোলা এবং এর জন্য কোন পয়সা লাগে না। বইপত্র ছাড়াও, সেখানে গান বাজনা এবং সিনেমার টেপ ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যগুলি পাওয়া যায়, এবং কমপিউটার ব্যবহার করার সুযোগ পাওয়া যায়। আপনি যেখানে থাকেন, সেখানে কাছাকাছি নিশ্চয়ই একটা লাইব্রেরী আছে। এই তথ্য পত্রে লাইব্রেরীগুলিতে কি কি পাওয়া যায়, এবং আপনি যদি কোনদিন লাইব্রেরীতে না গিয়ে থাকেন তাহলে সেখানে আপনি কি পাওয়ার আশা করতে পারেন, এই তথ্যপত্রে সে সম্বন্ধে বলা হয়েছে।

## লাইব্রেরীতে আপনাকে স্বাগতম

কিভাবে জনসাধারণের লাইব্রেরী গুলি আমাকে সাহায্য করতে পারে?

### একটি যাওয়ার জায়গা

জনসাধারণের লাইব্রেরি ব্যবহার করার জন্য আপনাকে এর সদস্য/মেম্বার হতে হবে না। তবে আপনি যদি বই অথবা অন্যান্য জিনিস ধার করতে চান তাহলে আপনাকে সদস্য হতে হবে। যে কোন ব্যক্তি লাইব্রেরীতে একটা একটা নিরিবিলা জায়গায় বসে বই, ম্যাগাজিন অথবা খবরের কাগজ পড়তে পারেন।

- আপনি যেটা খুঁজছেন সেটা পাচ্ছেন না তার জন্য এবং আপনার প্রশ্নের উত্তর দেবার জন্য লাইব্রেরীতে কর্মীরা আছেন, তবে আপনার যদি প্রয়োজন না তাকে তাহলে তাদের সঙ্গে কথা বলার কোন প্রয়োজন নেই।
- ইংরেজী যদি আপনার মাতৃভাষা না হয়, লাইব্রেরীতে হয়ত আপনার ভাষায় বই এবং খবরের কাগজ আছে।

### তথ্যগুলি খুঁজে বের করা

- তথ্যগুলি জানার জন্য লাইব্রেরী হচ্ছে একটা চমৎকার জায়গা। আপনি প্রথমে সেখানে যেতে পারেন। আপনি লাইব্রেরীতে বই এবং কমপিউটার ব্যবহার করতে পারেন, অথবা লিফলেট যোগার করতে পারেন।
- আপনার ধারদেনা, শিক্ষা, চাকরি সংক্রান্ত, স্বাস্থ্য, বাড়িঘরের ব্যাপারে অভিবাসন/ইমিগ্রেশন অথবা ওয়েলফেয়ার বেনিফিটের ব্যাপারে সাহায্য পাওয়ার জন্য যারা আপনাকে সব চাইতে ভাল সাহায্য করতে পারবেন, লাইব্রেরীর কর্মীরা আপনাকে তাদের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে পারবেন। তারা আপনাকে স্থানীয়

এলাকার যাতায়তের ব্যবস্থার তথ্য দিতে পারেন। আপনার এলাকার প্রয়োজনীয় সেবা ব্যবস্থাগুলির অথবা আপনি যে ধরনের সামাজিক সংস্থা খুজছেন সেগুলি সম্বন্ধে খবর দিতে পারেন।

- সামাজিক সংস্থাগুলির অনুষ্ঠান এবং কার্যক্রমের ব্যবহারের জন্য লাইব্রেরীগুলিতে হয়ত ঘর পাওয়া যেতে পারে।

## পড়ুন, শিখুন এবং উপভোগ করুন

- আপনি যদি জনসাধারণের লাইব্রেরীতে যোগদান করেন, তাহলে বিনা পয়সায় বই ধার করতে পারবেন। সাধারণত: আপনি টেপ, ভিডিও, ডিভিডি, ছনিয়ার বিভিন্ন দেশের গান বাজনা এবং অন্যান্য জিনিষ ধার করতে পারবেন, তবে এগুলির জন্য আপনাকে সামান্য মূল্য দিতে হবে।
- কর্মীরা আপনাকে নানা বিষয়ে সাহায্য করতে পারেন, যেমন; তারা আপনার জন্য অন-লাইনে/ইন্টারনেটে কমপিউটার কোর্স খুঁজে বের করতে, আপনার ইংরেজী অথবা অন্যান্য দক্ষতা বাড়াতে এবং আপনার কর্ম দক্ষতা সম্বন্ধে কিভাবে লিখতে হয় যাতে আপনি অন্যান্য কাজের / চাকরির জন্য আবেদন করতে পারেন।
- কিভাবে ইন্টারনেট ব্যবহার করতে হয় শিখলে আপনি লাইব্রেরীতে আপনার নিজের ভাষায় খবরাখবর জানতে পারেন এবং আপনার পরিবার এবং বন্ধু-বান্ধব যারা অন্য দেশে বসবাস করছেন, তাদের কাছে খবর বার্তা পাঠাতে পারেন।
- কিছু কিছু লাইব্রেরীতে ছাত্রদের হোমওয়ার্ক করতে সাহায্য করা হয়। প্রায়শ:ই সেখানে বাচ্চাদের জন্য গল্প বলার এবং অন্যান্য অনুষ্ঠানের ব্যবস্থা থাকে, বিশেষত: স্কুলের ছুটির সময়ে। শিশুদের জন্যও নানারকমের খেলাধুলার ব্যবস্থা এবং খেলনা থাকে।

## আমি যদি লাইব্রেরীতে যেতে না পারি, তাহলে লাইব্রেরী কি আমার কাছে আসবে?

- একটি চলন্ত লাইব্রেরী আপনি যেখানে থাকেন সেখানে থামতে পারে অথবা যদি আপনি বাড়ীর বাইরে যেতে না পারেন তাহলে হোম লাইব্রেরী সার্ভিসের জন্য অনুরোধ করুন।

## আমি কিভাবে লাইব্রেরীর সদস্য হব?

- আপনি যেকোন বয়সে লাইব্রেরীতে যোগ দিতে পারেন, এমন কি একজন শিশুও যোগ দিতে পারে।
- কিছু কিছু জনসাধারণের লাইব্রেরী আপনার ব্যক্তিগত পরিচয়ের জন্য একটা প্রমান পত্র চাইবে এবং অন্যগুলির হয়ত একটার বেশী ব্যক্তিগত পরিচয়পত্রের প্রয়োজন। আপনার এলাকার কি ধরনের ব্যক্তিগত পরিচয়পত্রের প্রয়োজন, সেটা জানার জন্য লাইব্রেরীর কর্মীদের জিজ্ঞাসা করুন।

- আপনার ব্যক্তিগত পরিচয়পত্র হতে হবে বর্তমান সময়ের এবং কোন অফিসের কাগজ যেমন: গ্যাস অথবা ইলেকট্রিসিটি বিল অথবা আপনি যদি রেফিউজি বা এসাইলাম সিকার হন, তাহলে হোম অফিসের প্রমান পত্র দেখাতে হবে।

## আমার সবচাইতে কাছের লাইব্রেরী কোথায় সেটা আমি কিভাবে বের করব?

প্রত্যেক স্থানীয় কাউন্সিলের ওয়েবসাইট আছে এবং সেখানে সেই এলাকার জনসাধারণের লাইব্রেরীর বিস্তারিত খবর দেওয়া আছে। অথবা ইউকে লাইব্রেরীর সম্পূর্ণ তালিকা দেখুন।